# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২২২

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ আমরা যে সম্পদের কথা বর্ণনা করলাম, সেটার যে হুকুম, খেজুর গাছের ক্ষেত্রেও একই হুকুম প্রযোজ্য

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ حُكْمَ النَّخْلِ حُكْمُ الْمَالِ فِي هَذَا الَّذِي وَصَفْنَاهُ

আরবী

3222 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي شُعَيْبٍ الْحَرَّانِيُّ قَالَ: حَدَّثَنَا مُوسَى بْنُ أَعْيَنَ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي سُفْيَانَ عَنْ جَابِرٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (لَوْ كَانَ لِابْنِ آدَمَ وادٍ مِنْ نَخْلٍ لَتَمَنَّى إِلَيْهِ مِثْلَهُ وَلَا يَمْلَأُ جَوْفَ ابْنِ آدَمَ إلا التراب)

لَمْ يحُدث عَنْ أَحْمَدَ بْنِ أَبِي شُعَيْبٍ إِلَّا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ

تَفَرَّدَ الْأَعْمَشُ بِقَوْلِهِ: مِنْ نَخْلٍ؛ قَالَهُ الشَّيْخُ

الراوي : جَابِرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3121 | خلاصة حكم المحدث: صحيح ـ ((مشكلة الفقر)) (18/ 14) , ((الروض)) ـ أيضاً ـ.

বাংলা

৩২২২. জাবির রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যদি আদম সন্তানের খেজুর গাছের দুটি উপত্যকা থাকে, তবুও সে তৃতীয় উপত্যকা অন্বেষন করতো। আদম সন্তানের পেট মাটি ছাড়া আর কিছুই পূর্ণ করতে পারে না। আর যে ব্যক্তি তাওবা করে, আল্লাহ তার তাওবা কবূল করেন।”[1]

আহমাদ বিন আবূ শুআইব থেকে উমার বিন সাঈদ বিন সিনান ছাড়া আর কেউ হাদীস বর্ণনা করেননি। আর খেজুর গাছের কথা ইমাম আ‘মাশ রহিমাহুল্লাহ এককভাবে বর্ণনা করেছেন। এটি আমাদের শাইখের বক্তব্য।

## ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়ালা: ২৫৭৩; সহীহ মুসলিম: ১০৪৯; মুসনাদ আহমাদ: ১/৩৭০; সহীহুল বুখারী: ৬৪৩৬; তাবারানী: ১১৪২৩; সুনান বাইহাকী: ৩/৩৬৮; বাগাবী: ৪০৯০।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুশকিলাতুল ফাকর: ১৮/১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92553

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন